

নং-০৫.০০.০০০০.২০২.০০.০০২.১৭-২১৭

তারিখ : ০৪/০৫/২০১৭ খ্রি.


বিষয় : চীনে অনুষ্ঠেয় Seminar on Public Administration for Civil Servants of Bangladesh শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০৬/২০১৭ থেকে ১৭/০৭/২০১৭ তারিখ মেয়াদে চীনে অনুষ্ঠেয় **Seminar on Public Administration for Civil Servants of Bangladesh** শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত বিভাজন ও নির্দেশনা অনুসরণপূর্বক যুগ্মসচিব/উপসচিব পর্যায়ের কর্মকর্তার মনোনয়ন প্রস্তাব আগামী ০৯/০৫/২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

| বিভাগের নাম | যে পর্যায়ের কর্মকর্তা মনোনয়ন প্রদান করতে হবে | মোট সুযোগ সংখ্যা |
|-------------|--|--|
| ঢাকা | অতিরিক্ত বিভাগীয় কমিশনার/উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ অতিরিক্ত জেলা প্রশাসক। | প্রতি বিভাগ হতে মোট ০১ (এক) জন কর্মকর্তা |
| চট্টগ্রাম | | |
| রাজশাহী | | |
| খুলনা | | |
| বরিশাল | | |
| সিলেট | | |
| রংপুর | | |
| ময়মনসিংহ | | |

নির্দেশনা:

- মনোনয়নের ক্ষেত্রে কর্মদক্ষতা ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে;
- মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ (জানুয়ারি ২০১৮ পর্যন্ত) সম্পন্ন মেশিন রিডেবল অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে;
- ইতিপূর্বে যে কোন পর্যায়ে যারা চীনে কোন কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের ব্যতীত কর্মকর্তা মনোনয়ন দেয়া যাবে;
- অনাগ্রহী কর্মকর্তা এবং পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়া যাবে না;
- মনোনীত কর্মকর্তাবৃন্দের নির্ধারিত ফরম পূরণের জন্য আগামী ১৪/০৫/২০১৭ তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ডবন নং-২, ২য় তলা, কক্ষ নম্বর-১০৯) যোগাযোগ করতে হবে।



ড. আবদুল হামিদ
যুগ্মসচিব

ফোন: ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিভাগীয় কমিশনার

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি :

- অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- যুগ্মসচিব (প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।